



লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
লক্ষ্মীপুর।



ফোন নং- ০৩৮১-৬২৫৯৫, অভিযোগ কেন্দ্র -০৩৮১-৬২৫৬৭, ফ্যাক্স নং -০৩৮১-৬১০৯৭, ই-মেইল নং- E-mail: pbslcp@yahoo.com

স্মারক নং- ২৭.১২. ৫১৪৩. ৫৩৮.০০১.০৭.২০২৪.

২৭৪৩

তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর স্টোরে রক্ষিত নিম্নবর্ণিত অব্যবহারযোগ্য প্যাকিং কাঠ সমূহ (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক উদ্ধৃত দর (টাকা)	মোট উদ্ধৃত দর (টাকা)
০১	ট্রান্সফরমার/ অন্যান্য মালামালের অব্যবহারযোগ্য প্যাকিং কাঠ	২,০০০ কেজি		
				সর্বমোট =

কথায় :-

শর্তাবলী :

- আগ্রহী দরদাতাগন আগামী ২০-০৫-২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, লক্ষ্মীপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্চে ফেলতে হবে। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহন করা হবে না।
- সীলগালাকৃত খামের উপরিভাগে “নিলামে বিক্রয়যোগ্য প্যাকিং কাঠ ক্রয়ের দরপত্র” কথাটি উল্লেখ করতে হবে।
- নিলাম দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ২০-০৫-২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২-০৫ ঘটিকায় উপস্থিত দরদাতা / প্রতিনিধিগনের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- নিলাম দরপত্রে উল্লেখিত মালামালের মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ আর্নেস্টম্যানি হিসাবে “লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন বাণিজ্যিক ব্যাংকের পে-অর্ডার / ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সংগে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত অব্যবহারযোগ্য প্যাকিং কাঠ সমূহ লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে ১৯-০৫-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।
- কৃতকার্য দরদাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) অর্থ এবং দরপত্রে মোট উদ্ধৃত দরের উপর সরকারী নিয়মানুযায়ী উৎস কর এবং ভ্যাট নগদে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল গ্রহন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল করা সহ দাখিলকৃত নিরাপত্তা জামানত সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে।
- কোন অবস্থাতেই পবিস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন দরের নীচে দাখিলকৃত দর বিবেচনা করা হবে না।
- পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- শর্ত বর্হিত্ত কোন সমস্যার উদ্ভব হলে সেইক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি :

- পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পরিঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
- জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার -----পবিস-
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফেনী।
- মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা, লক্ষ্মীপুর।
- ডি, জি, এম (কারিগরী)/রামগঞ্জ/ রায়পুর/ রামগতি/কমলনগর/চন্দ্রগঞ্জ/ভবানীগঞ্জ জোনাল অফিস, লপবিস।
- এ, জি, এম (অর্থ-হিসাব)/(ওএডএম)/(ইএডসি)/(সদস্য সেবা)/(আইটি) লপবিস।
- সহকারী প্রকৌশলী, বাপবিবো, লক্ষ্মীপুর।
- জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), লপবিস- বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে।
- স্টোর কীপার, লক্ষ্মীপুর পবিস।
- নোটিশ বোর্ড, লক্ষ্মীপুর পবিস।
- অফিস কপি/মাষ্টার কপি।

(বহুল প্রচারের নিমিত্তে নোটিশ বোর্ডে
টানানোর জন্য অনুরোধ সহ)

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)